আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাপড় হতে বীর্যের চিহ্ন ধুয়ে দিতাম পরক্ষণে তিনি সালাতে বের হতেন যে পানির চিহ্ন তার কাপড়ে থাকত।

‘আয়িশাহ রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, “আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাপড় হতে বীর্যের চিহ্ন ধুয়ে দিতাম পরক্ষণে তিনি সালাতে বের হতেন যে পানির চিহ্ন তার কাপড়ে থাকত”। অপর বর্ণনায় বর্ণিত: “আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাপড় থেকে তা খুটতাম পরক্ষণে তিনি তাতে সালাত আদায় করতেন”।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আয়িশা রাদিয়াল্লাহু ‘আনহা আলোচনা করেন যে, রাসূলের কাপড়ে জানাবাতের কারণে বীর্য লাগতো। কখনো তা তরল হতো। তখন পানি দিয়ে কাপড় ধুয়ে সালাতে বের হতেন, অথচ কাপড়ের পানি এখনো শুকায়নি। আবার কখনো তা শকনো হতো। তখন তিনি তার কাপড় থেকে খুঁটে দিতেন। তারপর তাতে সে সালাত আদায় করত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3388